সার্কুলার নম্বর- বিজিএ/শ্রম/২০২৬/**৩১৭**

১৯ নভেম্বর, ২০২৬

সকল সম্মানিত সদস্যের জন্য

বিষয়ঃ কারখানার নিরাপত্তার স্বার্থে শ্রমিক-কর্মচারীদের আইডি কার্ড চেক করে কারখানাতে প্রবেশের অনুমতি প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

পোশাক শিল্প কারখানাসমূহে সাম্প্রতিক চলমান শ্রম অসন্তোষের বিষয়ে লক্ষ্য করা যাচ্ছে যে, কারখানাতে শ্রমিক-কর্মচারীগণ সকালে কাজের জন্য প্রবেশকালে কতিপয় বহিরাগত লোক শ্রমিকদের ভিড়ে কারখানার অভ্যন্তরে প্রবেশ করে কারখানার অভ্যান্তরে বিশৃঙ্খলা সৃষ্টিসহ ভাঙচুরের মত ঘটনা ঘটায়। এর ফলে একদিকে যেমন কারখানার জান-মালের ক্ষতি সাধিত হয়, অন্যদিকে উৎপাদনের মারাত্মক ব্যঘাত সৃষ্টিসহ সাধারণ শ্রমিকদের মধ্যে বিভেদ-বিভ্রান্তি সৃষ্টি হয়।

এমতাবস্থায়, শ্রমিক-কর্মচারীগণ সকালে কারখানাতে প্রবেশকালে যাতে তারা কারখানার আইডি কার্ড গলায় ঝুলিয়ে প্রবেশ করে এবং কারখানার পর্যাপ্ত সিকিউরিটির মাধ্যমে যাতে চেক করে কারখানাতে প্রবেশের অনুমতি প্রদান করে তা নিশ্চিত করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

বিষয়টি অত্যান্ত গুরুত্বপূর্ণ।

ধন্যবাদান্তে,

মেজর জেনারেল ড. মোঃ সাহেদুল ইসলাম (অবঃ)
মহাসচিব